DIGITAL BANGLADESH

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।
www.btrc.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

## মোবাইল অপারেটর কর্তৃক আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ এর উদ্বোধন

ঢাকা, ২৮ এপ্রিল ২০২২।

গ্রাহক স্বার্থ বিবেচনা করে মোবাইল অপারেটর কর্তৃক আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজের উদ্বোধন করেছেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার। বৃহস্পতিবার সকালে বিটিআরসি'র প্রধান সম্মেলন কক্ষে কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার।

মোবাইল অপারেটরসমূহ অদ্য ২৮ এপ্রিল ২০২২ তারিখে মধ্যে উল্লিখিত শর্ত সাপেক্ষে ০২ টি বিশেষ ডাটা প্যাকেজ চালু করে।

ক) আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ, খ) নিরবচ্ছিন মাসিক ইন্টারনেট প্যাকেজ ।

শর্তসমূহঃ

ক) এটি শুধুমাত্র ডাটা সার্ভিস প্রদানের জন্য একটি বিশেষ প্যাকেজ হবে যাতে অন্য কোন প্রকার অফার (ভয়েস, এসএমএস, সোশ্যাল প্যাক ইত্যাদি) প্রদান করা যাবে না।

খ) এটি নিয়মিত (Regular) প্যাকেজ, গ্রাহক কেন্দ্রিক বিশেষ প্যাকেজ (CCSP) এবং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (R&D) প্যাকেজ মিলিয়ে সর্বমোট ৯৫ টি প্যাকেজের আওতামুক্ত থাকবে।

গ) এই প্যাকেজের নামকরণের ধরনের ক্ষেত্রে U অক্ষর এবং মেয়াদের জন্য X অক্ষর ব্যবহৃত হবে। উদাহরণঃ GP: GPU220001X, Robi: RBU220001X, Banglalink: BLU220001X, Teletalk: TTU20001X

ঘ) এই প্যাকেজসমূহ নামকরণে আনলিমিটেড/মেয়াদবিহীন হলেও কারিগরি সিমাবদ্ধতার কারণে এর সর্বোচ্চ মেয়াদকাল হবে ০১ বছর।

ঙ) প্যাকেজগুলো মেয়াদবিহীন ডাটা /সীমাবিহীন ভলিউমের হওয়ায় অব্যবহৃত ডাটা থাকার সুযোগ নাই বিধায় এ সকল প্যাকেজে ডাটা ক্যারিফরওয়ার্ড প্রযোজ্য হবে না। এর আগে গত ১৫ মার্চ ২০২২ তারিখে মোবাইল ফোন অপারেটরসমূহের ডাটা ও ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ সর্ম্পকিত নতুন নির্দেশিকা চালু করেছিল বিটিআরসি।

শুরুতে ডাটা প্যাকেজ সর্ম্পেক বিশদ উপস্থাপনা করেন কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেঃ জেনাঃ মোঃ নাসিম পারভেজ। তিনি বলেন, গ্রামীণফোনের আনিলিমিটেড (মেয়াদবিহীন) ডাটার মূল্য ১৫ জিবি ১০৯৯ টাকা এবং ৫ জিবি ৪৯৯ টাকা, রবির ১০ জিবি ৩১৯ টাকা, বাংলালিংকের ৫জিবি ৩০৬ টাকা, টেলিটকের ২৬ জিবি ৩০৯ টাকা এবং ৬জিবি ১২৭ টাকা। এছাড়া, গ্রামীণফোনের নিরবিচ্ছিন্ন ৩০ দিনের (দৈনিক সর্বোচ্চ ১ জিবি পর্যন্ত) প্যাকেজ ৩৯৯ টাকা এবং ৩০ দিনের (দৈনিক সর্বোচ্চ ২ জিবি পর্যন্ত) ৬৪৯ টাকা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, আনলিমিটেড ডাটা প্যাকেজ দেশের টেলিযোগাযোগ ইকোসিস্টেমে সুদূরপ্রসারী প্রভাব বয়ে আনবে। এটি সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়ায় সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়াবে। মন্ত্রী বলেন, বিশ্ব যখন ফাইভজি যুগে প্রবেশ করেছে, তখন বাংলাদেশও বিশ্বের সাথে তাল মিলিয়ে ফাইভজি সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে। আগামীতে ব্যান্ডউইথের চাহিদা অনেক বাড়বে জানিয়ে মন্ত্রী আরো বলেন, গ্রাহক যাতে ডাটার ব্যবহার করে সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়ায় যুক্ত হতে পারে, সে লক্ষ্যে নানা উদ্যোগ নেয়া হচ্ছে।

বিটিআরসির ভাইস চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র বলেন, গ্রাহক স্বার্থের কথা বিবেচনায় নিয়ে বিটিআরসি আনলিমিটেড ডাটা প্যাকেজ চালুর উদ্যোগ নিয়েছে।

আনলিমিটেড ডাটা প্যাকের উদ্যোগ নেওয়ার জন্য বিটিআরসিকে ধনব্যাদ জানিয়ে অ্যামটবের মহাসচিব ব্রিগেডিয়ার জেনারেল এস এম ফরহাদ (অব:) বলেন, টেলিকম অপারেটররা সবসময় গ্রাহকবান্ধব এবং সর্বোত্তম সেবা দেওয়ার চেষ্টা করে। টেলিকম খাতে যে কোনো সেবা চালু করতে অপারেটরগুলো প্রযুক্তির ওপর নির্ভর করে জানিয়ে তিনি আরো বলেন, বাংলাদেশে গ্রাহক চাহিদার ভিন্নতা বেশি থাকায় প্যাকেজ চালু করতে সময়ের প্রয়োজন হয়।

গ্রামীণফোনের চিফ মার্কেটিং অফিসার সাজ্জাদ হাসিব বলেন, বাংলাদেশের বাজারে আনলিমিটেড অফারের প্যাকেজের মাধ্যমে গ্রাহকরা উপকৃত হবে। আগামী বিশ বছরে বাংলাদেশকে ডিজিটাল অর্থনীতি করার জন্য সরকারের গৃহীত উদ্যোগের সাথে গ্রামীণফোন কাজ করবে।

রবির চিফ কমার্সিয়াল অফিসার শিহাব আহমেদ বলেন, নেটওয়ার্ক বিস্তারের প্রতিযোগিতা এবং সাশ্রয়ী মূল্যে গ্রাহক সেবা দিতে সব অপারেটরগুলো চেষ্টা করে যাচ্ছে। বর্তমানে বেশিরভাগ গ্রাহক ইন্টারনেট ব্যবহার করছে এবং বিনোদনের বাইরেও মানুষের দৈনন্দিন জীবনে অন্যান্য কাজেও যাতে ডাটার ব্যবহার করতে পারে আমরা সে লক্ষ্যে কাজ করছি।

আনলিমিটেড ডাটা প্যাকেজর ওপর গ্রাহকদের ব্যাপক আগ্রহ রয়েছে জানিয়ে টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সাহাব উদ্দিন বলেন, গ্রাহককে আরো বেশি ডাটা ব্যবহারে উদ্বুদ্ধ করতে আমরা নতুন এই প্যাকেজ চালু করেছি এবং এর মাধ্যমে গ্রাহক ইন্টারনেট ডাটার যথাযথ ব্যবহার করতে পারবে।

রবির চিফ কর্পোরেট এন্ড রেগুলেটরি অফিসার মোহাম্মদ শাহেদুল আলম বলেন, টেলিকম খাতে শৃঙ্খলা আনয়নে অপারেটর ও বিটিআরসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রতিযোগিতামূলক টেলিকম খাতে বিদ্যমান যেসব চ্যালেঞ্জ রয়েছে তার ওপর গুরুত্ব প্রদানে বিটিআরসির প্রতি আহ্বান জানান তিনি।

বাংলালিংকের চিফ কর্পোরেট এন্ড রেগুলেটরি অ্যাফেয়ার্স অফিসার তাইমুর রহমান বলেন, আমাদের এখন প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে হচ্ছে, তারপরেও গ্রাহকদের স্বার্থে নানা উদ্যোগ নেওয়া হয়েছে।

সভাপতির বক্তব্যে বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার বলেন, টেলিকম খাতের সেবা নিয়ে যারা মূল্যায়ন করেন, তারা এ খাতের সার্বিক বিষয় বিবেচনায় না নিয়ে সমালোচনা করে থাকেন। তিনি আরো বলেন, বিটিআরসি কখনো অপারেটরদের পক্ষে ছিলনা আর ভবিষ্যতেও থাকবে না। বিটিআরসি'র চেয়ারম্যান আরো বলেন, বিটিআরসি সবসময় গ্রাহকের পক্ষে কাজ করে এবং মানসম্মত সেবা নিশ্চিতে বিটিআরসি সর্বদা তৎপর রয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কমিশনার (ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস) প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, কমিশনার (লীগ্যাল এন্ড লাইসেন্সিং) আবু সৈয়দ দিলজার হোসেন, মহাপরিচালক (স্পেকট্রাম) ব্রিগে: জেনা: মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, মহাপরিচালক (লীগ্যাল এন্ড লাইসেন্সিং) আশীষ কুমার কুন্ডু, মহাপরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) প্রকৌশলী মোঃ মেসবাহুজ্জামানসহ বিটিআরসি এবং মোবাইল অপারেটরদের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুরোধক্রমে

২৮/৪/২০২২

মোঃ ছালেহ উদ্দিন
সিনিয়র সহকারী পরিচালক
(মিডিয়া কমিউঃ এন্ড পাবঃ উইং)
বিটিআরসি
ফোনঃ ০১৫৫২২০২৭৯৮
Email: suddin@btrc.gov.bd

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

১। সচিব, বিটিআরসি।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
৩। ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
৪। অফিস কপি।